রেজিস্ট্রার দপ্তর
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Pirojpur Science and Technology University

Website : www.bsmrstup.ac.bd ; E-mail:registrarbsmrstup@gmail.com

স্মারক নং- বশেমুরবিপ্রবিপি/রেজিস্ট্রার দপ্তর/অফিস আদেশ/২০২৩/২৪৩১২

তারিখ: ২৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

**বিজ্ঞপ্তি**

**বিষয় : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর আইন, ২০২২ (২০২২ সনের ০২ নং আইন) এর সংশোধন।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনী কার্যার্থে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৯ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/১২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে প্রকাশিত ০৫ নং অধ্যাদেশের ধারা ১০ (১) ও (২) এর মাধ্যমে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর আইন, ২০২২ (২০২২ সনের ০২ নং আইন) এর নিম্নরূপ সংশোধন করেছেন।

(১) বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর আইন, ২০২২ (২০২২ সনের ০২ নং আইন) এর-

(ক) সর্বত্র উল্লিখিত "বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর" শব্দগুলি ও কমার পরিবর্তে "পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Bangabandhu Sheikh Mujibur Rahman Science and Technology University, Pirojpur" শব্দগুলি ও কমার পরিবর্তে "Pirojpur Science and Technology University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর আইন, ২০২২ এর অধীন প্রণীত কোনো বিশ্ববিদ্যালয় বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর" শব্দগুলি ও কমার পরিবর্তে "পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

১৩/০২/২০২৫
(মো : আরাফাত হোসেন)
উপপরিচালক (অর্থ ও হিসাব)
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়, পিরোজপুর

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. ডিন/চেয়ারম্যান/পরিচালক (সকল), বশেমুরবিপ্রবিপি;
২. পিএস টু ভিসি, বশেমুরবিপ্রবিপি (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য)
৩. অফিস কপি।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১২, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
মুদ্রণ ও প্রকাশনা শাখা

বিজ্ঞপ্তি

তারিখ: ২৯ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং ০৫ (মু: ও প্র:)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৯ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

## অধ্যাদেশ নং ০৫, ২০২৫

## বিশ্ববিদ্যালয় সংক্রান্ত কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত

## অধ্যাদেশ

যেহেতু একাধিক পাবলিক বিশ্ববিদ্যালয়ের নামকরণের জন্য একই ধরনের নাম ব্যবহারের কারণে বিভ্রান্তি সৃষ্টির প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের পরিচিতি ও অবস্থান নির্ধারণের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় সংক্রান্ত নিম্নরূপ কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাংগিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ বিশ্ববিদ্যালয় সংক্রান্ত কতিপয় আইন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ নামে অভিহিত হইবে।


মূল্য : ৮.০০

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় আইন, ২০১৯ এর অধীন প্রণীত কোনো বিশ্ববিদ্যালয় বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়" শব্দগুলির পরিবর্তে "অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ" শব্দগুলি ও কমা, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

৯। **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ আইন, ২০২০ (২০২০ সনের ১৭ নং আইন) এর সংশোধন।**—(১) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ আইন, ২০২০ (২০২০ সনের ১৭ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ" শব্দগুলি ও কমার পরিবর্তে "কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Bangabandhu Sheikh Mujibur Rahman University, Kishoreganj" শব্দগুলি ও কমার পরিবর্তে "Kishoreganj University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ আইন, ২০২০ এর অধীন প্রণীত কোনো বিশ্ববিদ্যালয় বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ" শব্দগুলি ও কমার পরিবর্তে "কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়" শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

১০। **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর আইন, ২০২২ (২০২২ সনের ০২ নং আইন) এর সংশোধন।**—(১) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর আইন, ২০২২ (২০২২ সনের ০২ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর" শব্দগুলি ও কমার পরিবর্তে "পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Bangabandhu Sheikh Mujibur Rahman Science and Technology University, Pirojpur" শব্দগুলি ও কমার পরিবর্তে "Pirojpur Science and Technology University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর আইন, ২০২২ এর অধীন প্রণীত কোনো বিশ্ববিদ্যালয় বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর" শব্দগুলি ও কমার পরিবর্তে "পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।